

## ক্ষরণ

☐ দেবজ্যোতি দাস

দেবীপক্ষের ভোর  
মা বলছিলেন আজ সকাল দেবীর বোধন ঘরে।  
ঘুম ভাঙ্গায় দেখি ঠাকুর ঘর বন্ধ,  
মা দ্বারের পরে।  
মা-র গায়ের আলতা লেগেছে হয়তো  
সব মাসের মতো-  
এই লাল বড় স্থূল  
মাস প্রতি ভাঙ্গায় ধর্মের মাস্তুল।  
গুনেছি দেবীর লালে বড় টান  
লাল সিঁদুর, লাল সাড়ির পাড়,  
তাহলে আমার মা-কে কেন ঝিকার ?  
মা-র রক্তে ও তো ভরা অতৃপ্ত প্রাণ।  
ন্যায়-অন্যায় পাঠে শক্তি রত  
সেই মানদণ্ডে প্রশ্ন পুত্রের আমার মতো  
আমার মা-র মতো দেবীর কি রক্ত ক্ষরে না ?  
আমারো জন্ম সেই অন্ধ লালে,  
আমায় কেন অচ্ছতে ধরে না ?